

আজ বিজয়া দশমী

- A Monitor Desk Report

Date: 13 October, 2024



ঢাকাঃ প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে আজ শেষ হবে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। তাই, মন্ডপে-মন্ডপে এখন বাজছে বিদায়ের ঘণ্টা।

আজ সকালে রবিবার (১৩ অক্টোবর) হবে দশমীর বিহিত পূজা। পূজা শেষে দর্পন ও বিসর্জন। শারদীয় দুর্গাপূজার বিজয়া দশমী উপলক্ষে আজ সরকারি ছুটির দিন।

শনিবার শারদীয় দুর্গোৎসবের মহানবমী তিথিতে বিহিত পূজা এবং দর্পন বিসর্জনের মাধ্যমে মন্ডপে মন্ডপে দেবীদুর্গার আরাধনা করেছেন হিন্দু ধর্মাবলম্বীরা; তবে বিসর্জনের ক্ষণ এগিয়ে আসায় ছিল বিদায়ের সুর-ও।

হিন্দু ধর্মের বিশ্বাস অনুযায়ী, প্রতি শরতে কৈলাস ছেড়ে কন্যারূপে মর্ত্যলোকে আসেন দেবীদুর্গা। তার এই 'আগমন ও প্রস্থানের' মধ্যে আশ্বিন মাসের শুরুরপক্ষের ষষ্ঠী থেকে দশমী তিথি পর্যন্ত পাঁচ দিন চলে দুর্গোৎসব।

-B